157

# কতিপয় গুরুত্বপূর্ণ পদে রদবদল

শিল্প ও বাণিজ্য মন্ত্রণালয়ের বাণিজ্য ডিভিশনের অতিরিক্ত সচিব জনাব এস বি চৌধুরীকে সচিব হিসেবে পদোন্নতি দিয়ে পেট্রোলিয়াম ও খনিজ সম্পদ ডিভিশনে নিয়োগ করা হয়েছে।

পানি উন্নয়ন ও বন্যা নিয়ন্ত্রণ ডিভিশনের সেচ বিভাগের এডিশনাল সেক্রেটারী ইনচার্জ জনাব মোঃ মনিরুজ্জামানকে পদোন্নতি দিয়ে একই ডিভিশনের সচিব নিয়োগ করা হয়েছে।

স্থানীয় সরকার মন্ত্রণালয়ের পল্লী উন্নয়ন ও সমবায় ডিভিশনের জয়েন্ট সেক্রেটারী ইন-চার্জ জনাব এ টি মোঃ শামসুল হককে পদোন্নতি দিয়ে একই ডিভিশনের এডিশনাল সেক্রেটারী ইনচার্জ নিয়োগ করা হয়েছে।

পরিকল্পনা কমিশনের ডিভিশন প্রধান (বর্তমানে অর্থনৈতিক উপদেষ্টা হিসেবে সিএমএলএর সঙ্গে সংশ্লিষ্ট) ডঃ এ এম আবদুর রহিম, বাংলাদেশ বস্ত্রকল সংস্থার চেয়ারম্যান জনাব মোঃ নূরুন্নবী চৌধুরী, শিল্প বিভাগের মহাপরিচালক সৈয়দ শামীম আহসান, কেবিনেট ডিভিশনের যুগ্ম সচিব জনাব মশিউর রহমান এবং আমদানী-রফতানীর প্রধান কন্ট্রোলার জনাব আবিদুর রহমানকে সরকারের অতিরিক্ত সচিব হিসেবে পদোন্নতি দিয়ে অতিরিক্ত সচিবের পদমর্যাদায় সংস্থাপন ডিভিশনের অফিসার অন স্পেশাল ডিউটি নিয়োগ করা হয়েছে।

প্রতিরক্ষা মন্ত্রণালয়ের প্রতিরক্ষা ডিভিশনের যুগ্ম সচিব ব্রিগেডিয়ার মুসলেহউদ্দিন আহমদের চাকরি বাংলাদেশ সেনাবাহিনীর হতে ন্যস্ত করা হয়েছে।

প্রধান সামরিক আইন প্রশাসকের সচিবালয়ের কেবিনেট ডিভিশনের ডেপুটি সেক্রেটারী জনাব মোহাম্মদ ফয়জুল্লাহ পদোন্নতি পেয়ে একই ডিভিশনের যুগ্ম সচিব নিযুক্ত হয়েছেন।

পররাষ্ট্র মন্ত্রণালয়ের পরিচালক জনাব এস এম আফাজউদ্দিন সংস্থাপন ডিভিশনের অফিসার অন স্পেশাল ডিউটি (ডেপুটি সেক্রেটারী) নিযুক্ত হয়েছেন।

সংস্থাপন ডিভিশনের ডেপুটি সেক্রেটারী জনাব এ এম এম বাহাদুর মুনশী সিভিল অফিসার্স ট্রেনিং একাডেমীর (কোটা) পরিচালক (প্রশিক্ষণ) নিযুক্ত হয়েছেন।

লিবিয়ায় বাংলাদেশ দূতাবাসের প্রথম এটাচী জনাব মোঃ ফয়জুর রহমান চৌধুরী সংস্থাপন ডিভিশনের অফিসার অন স্পেশাল ডিউটি (ডেপুটি সেক্রেটারী) নিযুক্ত হয়েছেন। খবর তথ্য বিবরণীর।